কালের কণ্ঠ

তারিখ ... 16 APR 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# বর্ষবরণে পিছিয়ে নেই ইংরেজি মাধ্যমের শিক্ষাপ্রতিষ্ঠানও

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর বর্ষবরণ এবার আলোচনা বা শোভাযাত্রায় সীমাবদ্ধ ছিল না। আয়োজনের ভিন্নতা ছিল চোখে পড়ার মতো। ইংরেজি মাধ্যমের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোও এবারে ছিল সমানে সমান। ভিন্নতা আর স্বকীয়তা নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বরণ করে নিয়েছে ১৪২২ বঙ্গাব্দ।

রাজধানীর কার্ডিফ ইন্টারন্যাশনাল স্কুল, ইন্টারন্যাশনাল টার্কিস হোপ স্কুলসহ বিভিন্ন স্কুলের আয়োজন ছিল চোখে পড়ার মতো। ছিল বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর দিনব্যাপী নানা আয়োজন। স্বকীয়তা নিয়ে সরব উপস্থিতি জানান দেন এসব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা। রাজধানীর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, নর্থ সাউথ ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়, আশা ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ, স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ, ইস্টার্ন ইউনিভার্সিটি, ইবাইস ইউনিভার্সিটি ব্যস্ত ছিল তাদের দিনব্যাপী আয়োজন নিয়ে।

প্রতিটি প্রতিষ্ঠানই মঙ্গল শোভাযাত্রার আয়োজন করেছে। ঘোড়ার গাড়ি, মুখোশ, ব্যানার, ফেস্টুন ও দেশীয় বাদ্যযন্ত্রের সমন্বয়ে রাজধানীর নানা স্থান প্রদক্ষিণ করেছে এসব প্রতিষ্ঠানের মঙ্গল শোভাযাত্রা। ছিল বৈশাখী মেলা আর বাংলার ঐতিহ্যের নানামুখী সাংস্কৃতিক উপস্থাপনা। মেলায় ছিল বায়োস্কোপ, কুটির শিল্পজাত দ্রব্য, পোশাকসামগ্রী, মনোহরি দ্রব্যাদি। সাংস্কৃতিক আয়োজনের মধ্যে ছিল পুঁথি পাঠ, লোকজ গান, নাচ, মঞ্চনাটক, আবৃত্তি প্রভৃতি। খাবার আয়োজনেও ছিল বাঙালিয়ানার বাহার। পান্তা-ইলিশ, পিঠাপুলি, ফুচকা-চটপটি, কাঁচা আম আর আমের শরবতসহ নানা ফলের শরবত, মুড়ি-মুড়কি ছিল বাঙালি রসনার আয়োজনে। আরো ছিল বেশ কয়েকটি বিশ্ববিদালয়ের আলপনা উৎসব, ফানুস ওড়ানোর আয়োজন।

**পাবনায় 'রুচি বৈশাখী উৎসব ১৪২২' :** গান, মঙ্গল শোভাযাত্রাসহ জাঁকজমকপূর্ণ আয়োজনে পাবনার সরকারি এডওয়ার্ড কলেজ মাঠে উদ্‌যাপিত হয়েছে 'রুচি বৈশাখী উৎসব'। স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেডের উদ্যোগে আয়োজিত বৈশাখী অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করেছে এনটিভি। অনুষ্ঠানটি সবার জন্য উন্মুক্ত ছিল।

**এনইউবি খুলনা ক্যাম্পাস :** এ ছাড়া নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ খুলনা ক্যাম্পাসে ছিল বৈশাখী শোভাযাত্রা, লাঠিখেলা, বিভিন্ন ধরনের আঞ্চলিক গান, দেশাত্মবোধক গান নিয়ে বর্ণাঢ্য আয়োজন। সহযোগিতায় ছিল এয়ারটেল।